

নতুন সদস্য রাষ্ট্র হিসাবে বাংলাদেশের যোগদান নিউ ডেভেলপমেন্ট ব্যাংকের বোর্ড অব গভর্নরস-এর সভায় অনুমোদন

ঢাকা, ০২ সেপ্টেম্বর ২০২১

ব্রাজিল, রাশিয়া, ভারত, চীন এবং দক্ষিণ আফ্রিকার সমন্বয়ে গঠিত BRICS জোটের নিউ ডেভেলপমেন্ট ব্যাংকের গত ২০ আগস্ট ২০২১ তারিখে অনুষ্ঠিত বোর্ড অব গভর্নরস এর সভায় নতুন সদস্য রাষ্ট্র হিসাবে বাংলাদেশের যোগদান অনুমোদিত হয়েছে। এর ফলে ২০১৫ সালে স্থাপিত এ বহুজাতিক ব্যাংকে বাংলাদেশের অনুষ্ঠানিক যোগদানের বিষয়টি নিশ্চিত হলো।

ইতোমধ্যেই ব্যাংকটিতে যোগদানের বিষয় মাননীয় প্রধানমন্ত্রী অনুমোদন করেছেন। নিউ ডেভেলপমেন্ট ব্যাংকের সঙ্গে গত ১৫ জুলাই ২০২১ তারিখে অর্থনৈতিক সম্পর্ক বিভাগের আলোচনা সফলভাবে সম্পন্ন হয় এবং তার ধারাবাহিকতায় ব্যাংকটির সর্বোচ্চ পর্যায় থেকে বাংলাদেশের যোগদানের বিষয়টি অনুমোদন করা হয়। বাংলাদেশ ছাড়াও উরুগুয়ে এবং সংযুক্ত আরব আমিরাত এর সদস্যপদ ব্যাংকটি অনুমোদন দিয়েছে। উল্লেখ্য, এবারই প্রথম BRICS সদস্য রাষ্ট্রগুলোর বাইরের কোন সদস্য রাষ্ট্রকে ব্যাংকটিতে যোগদানের অনুমোদন দেয়া হলো।

স্বাধীন বাংলাদেশের স্থপতি জাতির জনক বংগবন্ধু শেখ মুজিবুর রহমান-এর প্রতি গভীর শ্রদ্ধা জানিয়ে মাননীয় অর্থমন্ত্রী জনাব আ হ ম মুস্তফা কামাল, এফসিএ, এমপি বলেন, “নিউ ডেভেলপমেন্ট ব্যাংকে বাংলাদেশের যোগদান উন্নয়ন সহযোগিতার ক্ষেত্রে একটি নতুন দিগন্ত উন্মোচন করবে”। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার রূপকল্প ২০৪১ এবং অন্যান্য উন্নয়ন পরিকল্পনার লক্ষ্য অর্জনের জন্য প্রয়োজনীয় বৈদেশিক সহায়তা লাভের ক্ষেত্রে নিউ ডেভেলপমেন্ট ব্যাংক গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন। স্বাধীনতার সুবর্ণ জয়ন্তীতে বংগবন্ধুর ‘সোনার বাংলা’ গড়ার প্রত্যয় জানিয়ে তিনি নিউ ডেভেলপমেন্ট ব্যাংকে সদস্য হিসাবে যোগদান সংক্রান্ত বাকী আনুষ্ঠানিকতা দ্রুত সম্পন্ন করার বিষয়ে জোর দেন।

বাংলাদেশের যোগদান নিশ্চিত হওয়া উপলক্ষ্যে ব্যাংকটির প্রেসিডেন্ট জনাব মার্কোস ট্রয়ো বিশেষ শুভেচ্ছা বার্তা প্রেরণ করেছেন এবং স্বাধীনতার ৫০ বছর পূর্তিতে অভিনন্দন জানিয়ে বাংলাদেশ এবং নিউ ডেভেলপমেন্ট ব্যাংকের মধ্যে সহযোগিতার যে সেতুবন্ধন রচিত হতে যাচ্ছে তা সমৃদ্ধির পথে বাংলাদেশের দুর্বীর যাত্রাকে আরও শক্তিশালী করবে মর্মে আশাবাদ ব্যক্ত করেছেন।

উল্লেখ্য, প্রতিষ্ঠালগ্ন থেকে নিউ ডেভেলপমেন্ট ব্যাংক এ পর্যন্ত সদস্য রাষ্ট্রগুলোর ভৌত ও সামাজিক অবকাঠামো এবং নগর উন্নয়ন সংক্রান্ত ৮০ টি বিভিন্ন প্রকল্পে প্রায় ৩০ বিলিয়ন মার্কিন ডলার ঋণ সহায়তা দিয়েছে। উদীয়মান বাজার অর্থনীতির কাতারে উন্নীত হতে নিউ ডেভেলপমেন্ট ব্যাংক এর সহায়তা বাংলাদেশে বিশেষ ভূমিকা রাখবে এবং বাংলাদেশের টেকসই উন্নয়নে সহায়ক হবে।